যুগান্তর

তারিখ ০৩ ২০০২

পৃষ্ঠা ৩ কলাম ৮

# ছাত্রদলকে অচিরেই ঢেলে সাজানো হবে

## —আমানউল্লাহ আমান

**যুগান্তর রিপোর্ট**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান বলেছেন, অচিরেই ছাত্রদলকে যুগোপযোগী করে ঢেলে সাজানো হবে। গতকাল বিকাল ৩টায় নয়াপল্টনের বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের এক জরুরি

আমান : পৃষ্ঠা : ২ কলাম : ৮

## আমান : ছাত্রদল

(৩য় পৃষ্ঠার পর)

সভায় তিনি এ কথা বলেন। তিনি বলেন, অচিরেই ছাত্রদল কেন্দ্রীয় সংসদ থেকে শুরু করে এর সব শাখাকে নতুন করে ঢেলে সাজানো হবে। জাতীয়তাবাদী ছাত্রদলই হবে একবিংশ শতাব্দীর উপযোগী, সৃজনশীল ও মেধানির্ভর একমাত্র ছাত্র সংগঠন।

আমানউল্লাহ আমান বলেন, দেশনেত্রী প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নেতৃত্বে চারদলীয় জোট সরকার যখন সন্ত্রাস, চাঁদাবাজি ও নৈরাজ্যমুক্ত স্বনির্ভর বাংলাদেশ গড়ার জন্য নিরন্তর পরিশ্রম করে যাচ্ছে ঠিক সে সময়ে আওয়ামী-বাকশালীচক্র ষড়যন্ত্র ও চক্রান্তের জাল বিস্তার করছে। এসব ষড়যন্ত্র ও চক্রান্ত সম্পর্কে সজাগ থেকে ছাত্রদলকে স্বনির্ভর দেশ গঠনে আত্মনিয়োগ করতে হবে।

সভা থেকে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জ্যেষ্ঠপুত্র তারেক রহমান বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব নির্বাচিত হওয়ায় অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন। সভায় ছাত্রদল বিশ্ববিদ্যালয় ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।